আজকের কাগজ

তারিখ 16 AUG 1993
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ২ ...

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

# জামাত–শিবিরের ক্যাডারকে শিক্ষক নিয়োগের পাঁয়তারা

মোতাহার হোসেন ঃ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সকল নিয়ম ভঙ্গ করে স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের চেতনা বিরোধী সাম্প্রদায়িক ছাত্র সংগঠনের এক সময়ের প্রধান ক্যাডারকে ফিন্যান্স বিভাগের শিক্ষক হিসেবে নিয়োগ দানের পাঁয়তারা করছে। এজন্যে আগামী ১৭ আগস্ট মঙ্গলবার তড়িঘড়ি করে শিক্ষক সিলেকশন কমিটির বৈঠক তলব করা হয়েছে। উক্ত কমিটিতে মুক্তিযুদ্ধ ও স্বাধীনতার পক্ষের শিক্ষক সদস্যদের ডাকা হয়নি। এক্ষেত্রে নিয়ম হচ্ছে কমিটিভুক্ত সকল সদস্য–সদস্যাকে বৈঠকে অনুষ্ঠানের কমপক্ষে ১৫ দিন পূর্বে চিঠি দিয়ে জানানো। একটি সংশ্লিষ্ট সূত্র জানায়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে মৌলবাদের পৃষ্ঠপোষক ক্ষমতাসীন উপাচার্য প্রশাসনকে জামাতীকরণ প্রক্রিয়ার বাস্তবায়ন করতে মূলত অত্যন্ত তড়িঘড়ি শিক্ষক সিলেকশন কমিটির বৈঠক ডেকেছে। ঐদিনই ফিন্যান্স বিভাগে জামাত–শিবিরের এক সময়ের প্রধান ক্যাডার–এর ১৯৯০ সালের ২২ ডিসেম্বর চঃ বিঃ ক্যাম্পাসে রক্তক্ষয়ী সংঘর্ষের নায়ক এবং ঐদিনের ঘটনায় নিহত ছাত্রনেতা ফারুকুজ্জামান ফারুকের খুনী নেছার আহম্মদকে শিক্ষক হিসেবে চূড়ান্তভাবে নিয়োগ দেয়ার কথা রয়েছে।

অপর একটি ঘনিষ্ঠ সূত্র জানান, বিশ্ববিদ্যালয় প্রশাসনকে দলীয়করণ, উপাচার্যের অপকর্ম ইতিপূর্বে বিভিন্ন পত্রিকায় প্রকাশিত হওয়ায় তিনি এতে ক্ষুব্ধ এবং এজন্যেই তিনি ফিন্যান্স বিভাগে শিবিরের ক্যাডার নেছার আহাম্মদকে নিয়োগ-এর ব্যাপারটি চ্যালেঞ্জ হিসেবে গ্রহণ করেছেন। উপাচার্যের একটি ঘনিষ্ঠ সূত্র জানায়, অতীতে জামাত–শিবিরের নেতা–কর্মিকে বিভিন্ন বিভাগে শিক্ষক–কর্মচারি হিসেবে নিয়োগ–এর সংবাদ পত্রিকায় প্রকাশিত হয়েছে। তারপরও নিয়োগ বন্ধ নেই, এটা প্রমাণ করতেই উপাচার্য নেছার আহাম্মদের নিয়োগ দান চ্যালেঞ্জ হিসেবে নিয়েছেন।